

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২২ আগস্ট, ২০১৯।

প্রতি : নেটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : : ফেসবুকসহ সকল সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নির্দেশনাসমূহ প্রসঙ্গে।

শ্রদ্ধা সহকর্মীবৃন্দ,

অতীতে ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের বহুল ও যথেচ্ছ ব্যবহারে সংগঠন প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিভিন্নার সম্মুখীন হয়েছে। তাই সংগঠন ফেসবুকসহ সকল সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে কিছু নির্দেশনা প্রস্তুত করেছে এবং সেগুলো মেনে চলার জন্য অনুরোধ করা হচ্ছে।

১. সংস্থার একজন কর্মীর একটির বেশী ফেইসবুক একাউন্ট থাকতে পারবে না।
২. কোন তত্ত্বাবধায়ক যদি ফ্রেন্ড রিকয়েস্ট পাঠান তাহলে তা একসেপ্ট করতে হবে। আবার কোন তত্ত্বাবধায়ক বা কোন কর্মীকে আন-ফ্রেন্ড করা যাবে না।
৩. অফিস চলাকালীন সময়ে ফেসবুকসহ কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত পোস্ট দেয়া অথবা ব্যবহার করা যাবে না। তাছাড়া সকাল বেলায় ফেইসবুক ব্রাউজ করা যাবে না।
৪. ব্যক্তিগত পোস্ট হলেও প্রতি ২ দিনে একটির বেশি পোস্ট দেয়া যাবে না।
৫. অফিসের কার্যক্রম/প্রোগ্রাম/ক্যাম্পেইন সংক্রান্ত পোস্ট অফিস চলাকালীন সময়ে দেয়া যাবে। তবে কোন অবস্থাতেই একটির বেশী নয়। এ সংক্রান্ত পোস্ট যেহেতু সংগঠনের পাবলিক পোস্ট হিসেবে বিবেচিত হবে সে জন্য এর ভাষা, ছবি ইত্যাদি বিষয়ে সর্তক থাকতে হবে। প্রয়োজনে উর্ধ্বতন কর্মকর্তাদের পরামর্শ নিতে হবে।
৬. জাতীয় ইস্যুতে ফেসবুকে পোস্ট দেয়া যাবে তবে ধর্মীয়/রাজনৈতিক মূল্যবোধে আঘাত করে এমন কোন পোস্ট দেয়া/ লাইক/কমেন্ট/ শেয়ার করা সম্পূর্ণ নিষেধ।
৭. ব্যক্তিগত রাগ/ক্ষেত্র/ঘৃণা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে।
৮. সামাজিক যোগাযোগ মাধ্যম নীতিমালাও এই নির্দেশনার পাশাপাশি বলবৎ থাকবে। কেউ এ নির্দেশনাগুলো অমান্য করলে তিনি অসদাচরণের আওতায় পড়বেন।
৯. অত্র নির্দেশনাসমূহ অন্তিমিলম্বে কার্যকরী হবে এবং এ সম্পর্কে যদি কারো কোন পরামর্শ বা দ্বিমত থাকে তাহলে আগামী ১০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জানানোর জন্য অনুরোধ করা হল। এখানে উল্লেখ্য যে, এ নির্দেশনাগুলোর আলোকে ২১ আগস্ট তারিখের নির্দেশনাগুলো বাতিল হয়ে যাবে।

ধন্যবাদ সহ



সনত কুমার ভৌমিক

22 AUG 2019.

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ পরিচালক ও সহকারী পরিচালক

অফিস কপি।